# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**01 JULY 2025** **7:45—7:55 PM IST**

==================================================

(১) কেন্দ্রীয় মন্ত্রীসভার দেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রায় একলক্ষ কোটি টাকায় রূপায়ণ করতে চাওয়া কর্মসংস্থান বিষয়ক উৎসাহমূলক প্রকল্পে অনুমোদন/

(২) রাজ্যে আজ থেকে সাতদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে বন মহোৎসব আরম্ভ/

(৩) আজ থেকে ট্রেনের সব শ্রেণীর যাত্রীভাড়া সামান্য বৃদ্ধি/

এবং

(৪) বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের অস্থায়ী কার্যালয়ের আজ উদ্বোধন/

---

কেন্দ্রীয় মন্ত্রীসভা দেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রায় একলক্ষ কোটি টাকা রূপায়ণ করতে চাওয়া কর্মসংস্থান বিষয়ক উৎসাহমূলক প্রকল্পে অনুমোদন জানিয়েছে । এই প্রকল্পের অধীনে দু'বছরে দেশে তিন কোটি ৫০ লক্ষেরও বেশি কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্য ধার্য করা হয়েছে । চলতি বছরের পয়লা আগস্ট থেকে ২০২৭ সালের ৩১শে জুলাইয়ের মধ্যে সৃষ্টি হওয়া চাকরির ক্ষেত্রে এই প্রকল্প প্রযোজ্য হবে । এর মাধ্যমে নির্মাণ ক্ষেত্রে বিশেষ গুরুত্ব আরোপ করে সকল ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং সামাজিক সুরক্ষা প্রদানের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে । মন্ত্রীসভার বৈঠকের সিদ্ধান্তের বিষয়ে নতুনদিল্লিতে আজ সাংবাদিকদের সঙ্গে হওয়া কথাবার্তায় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন যে- এই প্রকল্পের অধীনে প্রথমবারের জন্য কর্মসংস্থান লাভ করা কর্মচারীরা তাদের মাসিক বেতন ১৫ হাজার টাকা পর্যন্ত লাভ করবেন । তিনি বলেন যে- নির্মাণক্ষেত্রে দু'বছরের জন্য সম্প্রসারিত লাভের সঙ্গে অতিরিক্ত কর্মসংস্থান সৃষ্টির

জন্য নিয়োগকর্তাদেরকে উৎসাহমূলক অর্থরাশি প্রদান করা হবে । মন্ত্রীসভা একলক্ষ কোটি টাকার মূলধন দিয়ে গবেষণা উন্নয়ন এবং উদ্ভাবন প্রকল্পেও অনুমোদন জানিয়েছে বলে শ্রী বৈষ্ণব জানিয়েছেন । তিনি বলেন- দেশের ক্রীড়া প্রেক্ষাপটের রূপান্তর করা এবং খেলাধূলোর মাধ্যমে জনসাধারণকে সবল করে তোলার উদ্দেশ্যে জাতীয় ক্রীড়া নীতি-২০২৫এ মন্ত্রীসভা অনুমোদন জানিয়েছে । তিনি বলেন যে- এই নীতির মাধ্যমে ভারতবর্ষকে ক্রীড়াক্ষেত্রে বিশ্বের পাঁচটি শীর্ষ রাষ্ট্রের মধ্যে অর্ন্তভুক্ত করার লক্ষ্য ধার্য করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

রাজ্যে আজ থেকে সাতদিনব্যাপী কার্যসূচীতে বন মহোৎসব আরম্ভ হয়েছে । সমৃদ্ধশালী জৈব বৈচিত্রের সুরক্ষা ও সংরক্ষণের জন্য এই মহোৎসব উদযাপন করা হয় । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা বনমহোৎসবের শুভেচ্ছা জানিয়ে বনভূমির সংরক্ষণ ,শক্তিশালী পরিবেশতন্ত্র গড়ে তোলার মাধ্যমে সু-ভবিষ্যতের লক্ষ্যে অগ্রসর হবার আহ্বান জানিয়েছেন । সবুজ অঞ্চলের পরিসর বৃদ্ধি করে প্রাণী জগতের জন্য আশ্রয় ও খাদ্য সরবরাহ সহ খরা ও ভূমিধ্বস রোধে দেশবাসীকে গাছপালা রোপণের ক্ষেত্রে উৎসাহিত করার উদ্দেশ্যে # মায়ের নামে একটি গাছ # এই শীর্ষকে এই দিবস উদযাপন করা হচ্ছে ।

--------------------------------------------------------------------------------

বাঁশ থেকে ইথানল প্রস্তুত করা দেশের মধ্যে প্রথম প্রকল্পটি নুমুলিগড়ে আগামী আটই সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উদ্বোধন করবেন । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা নুমুলিগড় শোধনাগার প্রাঙ্গণে মন্ত্রী, সাংসদ, বিধায়ক এবং উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে এইসম্পর্কে এক বৈঠকে মিলিত হয়েছেন । এরপর ডঃ শর্মা সাংবাদিকদের জানান যে- আগামী আটই সেপ্টেম্বর প্রধানমন্ত্রীর উদ্বোধন করতে যাওয়া নুমুলিগড় ইথানল প্রস্তুতকারী প্রকল্পের সাফল্য রাজ্যে আগামী দিনে এধরণের বহু শিল্প স্থাপনের পথ খুলে দেবে । দ্বিতীয় এডভান্টেজ আসাম'এ নুমুলিগড় শোধনাগার লিমিটেড রাজ্যের বেশকয়েকটি স্থানে নতুন শিল্প স্থাপনের জন্যে আগ্রহ প্রকাশ করেছিল বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে- এরমধ্যে কামরূপে ৬৫০ কোটি টাকা ব্যয়সাপেক্ষে একটি প্রকল্প রূপায়ণ করা হবে ।

--------------------------------------------------------------------------------

আজ চিকিৎসক দিবস । সুচিকিৎসক ডাঃ বিধান চন্দ্র রায়ের মানব সেবা এবং চিকিৎসা জগতে তাঁর অনবদ্য অবদানের প্রতি সম্মান জানিয়ে আজকের দিনটি সমগ্র দেশে চিকিৎসক দিবস হিসেবে পালন করা হয় । ১৮৮২ সালের পয়লা জুলাই

জন্মগ্রহণ করা এবং ১৯৬২ সালের পয়লা জুলাই ইহলোক ত্যাগ করা ডাঃ রায়কে ১৯৬১ সালে দেশের সর্বোচ্চ অসামরিক সম্মান ভারত রত্ন দিয়ে বিভূষিত করা হয়েছে ।

চিকিৎসক দিবসের এই দিনে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা চিকিৎসকদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় মুখ্যমন্ত্রী চিকিৎসা সেবার ক্ষেত্রটির উত্তরণের জন্য নিষ্ঠা সহকারে কাজ করে যেতে রাজ্যসরকার দায়বদ্ধ বলে মন্তব্য করেছেন । আশার আলো বিতরণ করে মানব সেবার মহান বৃত্তির সঙ্গে জড়িত চিকিৎসকরা মানুষের জীবনরক্ষার মাধ্যমে সমাজে হাসি ছড়িয়ে দিচ্ছেন বলে তিনি উল্লেখ করেন ।

---

লায়ন্স ক্লাব অফ লালার উদ্যোগে আজ বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে জাতীয় চিকিৎসক দিবস উদযাপন করা হয়েছে । শুরুতে ডা:বিধান চন্দ্র রায়ের প্রতিকৃতিতে মাল্যদান পুষ্পার্ঘ্য ও প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করেন কাটলিছড়া ও লালা ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের দুই দায়িত্বপ্রাপ্ত ডা:সুব্রত দে ও ডা:অমলেন্দু দাস । এরপর লায়ন্স ক্লাব অফ লালার সভাপতি নুরুল মজুমদারের পৌরহিত্যে আয়োজিত অনুষ্ঠানে লালা ,কাটলীছড়া অঞ্চলে কর্মরত বেশকয়েকজন চিকিৎসককে সম্মান জানানো হয় । অনুষ্ঠানে এই দিবস নিয়ে বিভিন্ন বক্তা প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।

---

ভারতীয় রেলওয়ে রেলের সকল শ্রেণীর যাত্রীভাড়া আজ থেকে সামান্য বৃদ্ধি করেছে । কোভিড মহামারীর পর ভারতীয় রেলওয়ে প্রথমবারের জন্য যাত্রীভাড়া বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করেছে। সেই অনুসারে এক্সপ্রেস এবং মেল ট্রেনের ক্ষেত্রে স্লিপার শ্রেণীর ভাড়া প্রতি কিলোমিটারে এক পয়সা করে এবং শীততাপ নিয়ন্ত্রিত শ্রেণীর ক্ষেত্রে প্রতি কিলোমিটারে দু'পয়সা করে ভাড়া বৃদ্ধি করা হয়েছে । তবে পাঁচশো কিলোমিটারের কম দূরত্বের সাধারণ শ্রেণীর এবং উপ-মহানগরীর ট্রেন ভাড়ার ক্ষেত্রে এই বৃদ্ধি প্রযোজ্য হবে না ।

---

বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের অস্থায়ী কার্যালয়ের আজ উদ্বোধন করা হয়েছে । শিলচর সার্কিট হাউসের হেরিটেজ বিল্ডিংয়ে এই কার্যালয়ের উদ্বোধন করেন বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই । অনুষ্ঠানে এই বিভাগের সচিব আদিল খান ,রাজ্যসভার সাংসদ কণাদ পুরকায়স্থ ,শিলচর ,হাইলাকান্দি ও শ্রীভূমি জেলার উপায়ুক্ত ,বিধায়ক দীপায়ন চক্রবর্তী ,মিহিরকান্তি সোম ,কমলাক্ষ দে পুরকায়স্থ সহ

বিভিন্ন বিভাগের আধিকারিকরা উপস্থিত ছিলেন । এ সম্পর্কে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই আমাদের সংবাদদাতাকে জানান যে -----

---------বাইট------

-----------------------------------------------------------------------------------

সমগ্র দেশের সঙ্গে সঙ্গতি রেখে কাছাড় জেলায়ও আজ থেকে প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা সপ্তাহের সূচনা হয়েছে । এ উপলক্ষ্যে রাজ্যের খাদ্য , অসামরিক সরবরাহ ,গ্রাহক পরিক্রমা ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয় প্রাঙ্গন থেকে একটি ট্যাবলো ভ্যানের ফ্ল্যাগ অফ করেন । এ উপলক্ষ্যে সাংসদ কনাদ পুরকায়স্থ সহ বিভায়ক দীপায়ন চক্রবর্তী , মিহির কান্তি সোম , নীহার রঞ্জন দাস, কমলাক্ষ্য দে পুরকায়স্থ , জেলা কৃষি আধিকারীক হিতেশ ডেকা প্রমূখ উপস্থিত ছিলেন ।

উল্লেখ্য পয়লা জুলাই থেকে ৭ই জুলাই পর্য্যন্ত সমগ্র দেশে ফসল বীমা যোজনা অভিযান চলবে ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মার গাড়ি লক্ষ্য করে গোলাঘাটে একাংশ কংগ্রেস কর্মীর বোতল ছোড়ার অভিযোগে এর প্রতিবাদে আজ বরাক উপত্যকায়ও বিক্ষোভ কার্যসূচী পালন করা হয়েছে । বিজেপির শ্রীভূমি জেলা যুবমোর্চার উদ্যোগে আজ নিউ করিমগঞ্জ রেল স্টেশনের সামনে জাতীয় সড়ক অবরোধ করে কংগ্রসের বিরুদ্ধে প্রতিবাদী কার্যসূচী পালন করে । এই কার্যসূচীতে রাজ্যের পূর্ত , মৎস্য , পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল , রাজ্যসভার প্রাক্তন সাংসদ মিশন রঞ্জন দাস , বিজেপির শ্রীভুমি জেলা সভাপতি সঞ্জীব বণিক , শ্রীভুমি উন্নয়ন কর্তৃপক্ষের অধ্যক্ষ বিশ্বরূপ ভট্টাচার্য সহ দলীয় কর্মকর্তার উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

এদিকে এই ঘটনার প্রতিবাদে হাইলাকান্দি জেলায়ও আজ পথ অবরোধ সহ প্রতিবাদী কার্যসূচী পালন করা হয়েছে । ভারতীয় জনতা পার্টির কর্মী-সর্মথকরা একত্রিত হয়ে ৬ নম্বর জাতীয় সড়ক অবরোধ করে প্রতিবাদ জানান । প্রতিবাদ কার্যসূচীতে দলের জেলা সভাপতি কল্যান গোস্বামী , যুব মোর্চার সভাপতি মিলন দাস , বিজেপির রাজ্য সহ-সভানেত্রী মুন স্বর্নকার প্রমূখ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা ক্রীড়া আধিকারীক কার্যালয়ের উদ্যোগে আজ থেকে জেলা ক্রীড়া সংস্থার মাঠে আন্ত জেলা ফুটবল প্রতিযোগীতা শুরু হয়েছে । জেলা ক্রীড়া সংস্থার সচিব শৈবাল সেনগুপ্ত এই প্রতিযোগীতার উদ্বোধন করেন । তিনটি পর্যায়ে এই প্রতিযোগীতা অনুষ্ঠিত হচ্ছে । জেলা ক্রীড়া আধিকারিক জানিয়েছেন যে আগামীকাল থেকে মূল প্রতিযোগীতা শুরু হবে এবং প্রতিযোগীতায় চারটি দল অংশ গ্রহন করছে । দলগুলি হচ্ছে-জে কে মেমোরিয়াল হাইয়ার সেকেন্ডারী , সোনাই মৈথৈই হাইয়ার সেকেন্ডারী , পাবলিক হাইয়ার সেকেন্ডারী এবং এম কে হাইয়ার সেকেন্ডারী স্কুল ।

----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকারের সামজিক ন্যায় ও সবলীকরণ মন্ত্রণালয়ের অধীনের বিশেষভাবে সক্ষম ব্যাক্তি বিভাগ তিনটি শাখায় বিশেষভাবে সক্ষম ছাত্র ছাত্রীদের নির্ধারিত বৃত্তির জন্য আবেদন চেয়েছে । এই আবেদন জাতীয় বৃত্তি পোর্টেল www.scholarship.gov.in এ জমা দিতে হবে । আবেদনকারী ছাত্র ছাত্রীর ৪০ শতাংশ শারীরিক অক্ষমতার প্রমাণপত্র থাকা সহ বার্ষিক আয় আড়াই লক্ষ টাকারও কম হতে হবে । প্রার্থীর আধার নম্বর অথবা পিতা মাতার ব্যাঙ্ক একাউন্ট থাকতে হবে । দশম শ্রেণীর চূড়ান্ত পরীক্ষার আগে প্রাপ্য বৃত্তির ক্ষেত্রে ৩১ শে আগস্টের মধ্যে এবং দশম শ্রেণীর পরবর্তী বৃত্তির ক্ষেত্রে ৩১ শে অক্টোবরের মধ্যে আবেদন দাখিল করতে হবে ।

----------------------------------------------------------------------------------